## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদপত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।


★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা চৈত্র বুধবার ১৩৬৭ ইংরাজী 15th Mar. 1961 { ৪১শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

উন্নত কারিগরী ও নিপুণতা আদায়।

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

KALPANA O.M.I.

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১লা চৈত্র বুধবার সন ১৩৬৭ সাল।

## নেতৃস্থানীয়দের ত্যাগের প্রবৃত্তি-কষা কষ্টি

—০—

রাজ্যসভায় রাষ্ট্রপতির ক্ষমতা এবং রাষ্ট্রপতি ও রাজ্যপালদের বেতন হ্রাসের উদ্দেশে সংবিধান সংশোধনের জন্য শ্রীভূপেশ গুপ্ত কয়েকটি প্রস্তাব আনিয়াছেন। একটি প্রস্তাবে বলা হইয়াছে যে, সংসদ ভিন্ন মত পোষণ না করিলে মন্ত্রিসভার পরামর্শ অনুযায়ী রাষ্ট্রপতির কাজ করা অবশ্য প্রয়োজন। কিছুদিন আগে আইনজ্ঞদের এক সভায় রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ প্রশ্ন তুলিয়াছিলেন যে, ভারতীয় সংবিধানে রাষ্ট্রপতি মন্ত্রিসভার পরামর্শ অনুযায়ী চলিবেন এরূপ পরিষ্কার কোন নির্দ্দেশ নাই। সুতরাং নির্দ্দেশটা যাহাতে পরিষ্কারভাবে সংবিধানের অন্তর্ভুক্ত হয়, সেই উদ্দেশ্যেই শ্রীগুপ্ত প্রস্তাবটি আনিয়াছেন। বস্তুতঃ পক্ষে ভবিষ্যতে অনেক জটিল সমস্যার হাত হইতে রেহাই পাইবার জন্য সংবিধানের এ ব্যাপারে একাধিক ব্যাখ্যার সুযোগ না রাখাই উচিত। সরকারী দল এ প্রস্তাব সম্বন্ধে কি মনোভাব অবলম্বন করেন, তাহাই এখন দেখিবার বিষয়।

শ্রীযুক্ত গুপ্ত আর একটি প্রস্তাবে রাষ্ট্রপতির বেতন মাসে ১০,০০০৲ টাকা হইতে কমাইয়া ২,৫০০৲ টাকা এবং রাজ্যপালদের বেতন ৫,৫০০৲ হইতে কমাইয়া ৭৫০৲ টাকা করিতে চাহিয়াছেন। ভারতের মত দরিদ্র দেশে রাষ্ট্রপতি ও রাজ্যপালদের জন্য যে বিপুল ব্যয় হয়, তাহা নিতান্তই দৃষ্টিকটু। রাষ্ট্রপতি এবং রাজ্যপালগণ মাসিক বেতন ছাড়াও অন্যান্য সুযোগ-সুবিধা পান। সুতরাং এত অধিক বেতনের কোন আবশ্যকতা দেখিতে পাওয়া যায় না। কিন্তু শাসকদল এই প্রস্তাবে সম্মত হইবেন, এ আশা কম। তাঁহারা আড়ম্বর ও ব্যয় বাহুল্যটাই আজকাল মর্য্যাদার মাপকাঠি বলিয়া গণ্য করেন। প্লেন লিভিং ও হাই থিঙ্কিং-এর উপদেশ কি শুধু সাধারণ লোকের পক্ষে প্রযোজ্য।

স্বাধীনতা লাভের পর গান্ধীজী ভারতীয় রাজপুরুষদের কাহারও ৫০০৲ টাকার বেশি মাসিক বেতন লওয়া উচিত নয়, বলিয়া ৫০০৲ টাকার মধ্যে মাসিক বেতন লইয়া সন্তুষ্ট থাকা উচিত বলিয়া সকলকে অনুরোধ করিয়াছিলেন। যাঁহাকে অনেকে এখনও গুরু বলিয়া মান্য করেন, জাতির জনক বলিয়া বর্ণনা করেন, রাজ্যপালগণের কাহাকেও কোন সাড়া দেওয়ার কথা শোনা যায় নাই। যখন পশ্চিম বাংলার রাজ্যপাল হইলেন ডাক্তার হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় মহাশয়, তিনিই তাঁহার (গান্ধীজীর) অনুরোধ স্মরণ করিয়া ৫৫০০৲ টাকা নির্দ্ধারিত বেতন মধ্যে ৫০০৲ টাকা প্রতি মাসে লইয়া তৃপ্ত হইতেন।

ডাঃ মুখার্জির আমলে আমরা তাঁহার যক্ষ্মা ও বাস্তহারা সাহায্য তহবিলের ঝুলিতে কিঞ্চিৎ কিঞ্চিৎ দিবার জন্য রাজভবনে যাইতাম। তিনি খ্রীষ্টধর্ম্মাবলম্বী হইয়াও একদিন বলিলেন আমার পিতৃদেব আমার নাম রেখেছিলেন "হরেন্দ্রকুমার"। দেবাদিদেব শিব ও দেবরাজ ইন্দ্র দুই এর নামের সংযোগে নাম রাখিয়াছিলেন। জঙ্গিপুর সংবাদের প্রতিষ্ঠাতা শ্রীশরৎচন্দ্র পণ্ডিত তৎক্ষণাৎ তাঁহাকে বলিয়াছিলেন—এইবারে আপনি নামটা পরিবর্ত্তন করুন। বড় শ্রুতিকটু লাগে শুনতে। লোকে চলতি কথায় আপনাকে বলে ডাঃ হরেন মুখার্জি। যিনি পাঁচ হাজার পাঁচশো টাকার মধ্যে পাঁচশো টাকা নিয়ে খুসী থাকেন—গান্ধীজীর অনুরোধ রাখতে গিয়ে তাঁকে লোকে বলে—"হরেন"। যিনি এক আধলা কারো হরণ করেন নি তাঁর নাম হরেন আর শোনা যায় না। যার অমন সুন্দর দানা তার নাম যেমন "বেদানা", তেমনি আপনার নাম "হরেন" হয়েছে। ডাঃ মুখার্জি তাঁহার সহধর্ম্মিণীকে ডেকে বল্লেন—পণ্ডিত মশায় কি বলেন শোন। এবার চাকরী রাখা কঠিন হবে। মা লক্ষ্মী আমাকে ধন্যবাদ দিয়ে বল্লেন—যাতে ওঁর চাকরী যায় তাই করুন—আমি লাঞ্ছনা হতে বাঁচি। মা লক্ষ্মী কোন অতিথি এলেই উভয়ে তাঁর সঙ্গে লাঞ্চে যাওয়াকে লাঞ্ছনা বলতেন। প্রতি মাসে যিনি ৫০০৲ টাকা হিসাবে বেতন নিতেন। তাঁর সহধর্ম্মিণী লাঞ্চকে লাঞ্ছনা মনে করবেন তাতে কোন বৈচিত্র্য নাই। ডাঃ মুখার্জির নাম মনে হ'লে আমাদেরই বাংলার গৌরব মনে হয়।

---

## স্কুল ফাইনাল ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত আগামী স্কুল ফাইনাল ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার কর্ম্মসূচী চূড়ান্ত হইয়াছে। এই পরীক্ষা দুইটী আগামী ৩রা এপ্রিল সোমবার হইতে শুরু হইবে। পরীক্ষা যথারীতি প্রতিদিন সকালে দশটা হইতে বেলা একটা এবং বিকালে দুইটা হইতে পাঁচটা পর্য্যন্ত দুই বেলা পরীক্ষা গৃহীত হইবে।

---

## গম খাওয়ার অভ্যাস

খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন বিধান সভায় বলেন পশ্চিমবঙ্গের লোকজনের গম খাওয়ার অভ্যাস নাকি বৃদ্ধি পাচ্ছে, এখন তাহারা ৭ লক্ষ টনের উপর গম গলাধঃকরণ করেছে। এই হার আরও বৃদ্ধি পেলে বাঙ্গালীকে আর চালের জ্বালায় ছটফট করতে হবে না।

---

## জাতি গঠন

ভারতীয় সেনাবাহিনীর প্রাক্তন সর্ব্বাধিনায়ক জেনারেল কে, এম, কারিয়াপ্পা এক ঘরোয়া বৈঠকে মন্তব্য করেন যে, শুধুমাত্র বি-এ, এবং এম-এ পাশ দিয়া জাতি গঠন করা যায় না; জাতি গঠন করিতে হইলে জাতির আগামী দিনের নেতাদের অর্থাৎ তরুণদের দৈহিক সামর্থ্য গঠন, মানসিক সচেতনতা, নৈতিক শুদ্ধি এবং নিয়মানুবর্ত্তিতার মধ্যে শিক্ষিত করিয়া তুলিতে হইবে। রাজনীতির মধ্যে ছাত্র ও তরুণদের যাহাতে না আনা হয় তজ্জন্য তিনি রাজনীতিবিদগণের নিকট আবেদন করেন। তিনি বলেন যে, এন-সি-সি বাহিনীতে শুধু ছেলেদের ট্রেণিং এর ব্যবস্থা থাকা উচিত। মেয়েদের এখানে ট্রেণিং না দিয়া গার্ল গাইডে ট্রেণিং দিবার

ব্যবস্থা করা সঙ্গত। তিনি বলেন যে, মেয়েদের "সুমাতা এবং সুগৃহিনী" হিসাবে গড়িয়া তোলা উচিত। ছেলেদের মত ট্রেণিং দিলে মেয়েদের স্বাভাবিক 'সৌন্দর্য্য' নষ্ট হইয়া যায় বলিয়া শ্রীকারিয়াপ্পা মন্তব্য করেন।

## লোক সহায়ক সেনা ক্যাম্প ১৯৬১

লালগোলা রাজবাড়ীতে (লালগোলা) ১লা এপ্রিল হইতে ৩০শে মে পর্য্যন্ত লোক সহায়ক সেনা ক্যাম্প অনুষ্ঠিত হইবে। এই ক্যাম্পে সর্ব্বসমেত ৫২৫ জন স্বেচ্ছাসেবককে ট্রেণিং দেওয়া হইবে। ১৮ হইতে ৪০ বৎসরের মধ্যে যে কোন সক্ষম ব্যক্তি (পুরুষ) এই ট্রেণিং লইতে পারিবে। ক্যাম্পে থাকাকালীন সময়ে প্রত্যেকের জন্য বিনামূল্যে থাকা খাওয়ার সকল রকম ব্যবস্থা থাকিবে। ক্যাম্পে যোগদানের সময় এবং ট্রেণিং শেষে বাড়ী যাবার সময় রাস্তা খরচ দেওয়া হইবে। এ ছাড়া ট্রেণিং শেষে প্রত্যেককে ৩০৲ টাকা পকেট খরচও দেওয়া হইবে। এই ট্রেণিংয়ে যোগদানেচ্ছু ব্যক্তিগণকে মার্চ্চ মাসের ৩০ এবং ৩১ তারিখে সকাল ৮টা হইতে বিকাল ৫টার মধ্যে লালগোলা রাজবাড়ী প্রাঙ্গণে উপস্থিত হইয়া নিয়োগকারী অফিসারের সহিত সাক্ষাৎ করিতে হইবে।

জেলা প্রচার অফিস হইতে প্রচারিত।

## নূতন ডাকঘর

সাগরদীঘি থানার বন্যেশ্বর ইউনিয়নে দক্ষিণগ্রামে "দক্ষিণগ্রাম-সাবিত্রী" নামে একটী ডাকঘর হইয়াছে। এই ডাকঘর হইতে দক্ষিণগ্রাম, বন্যেশ্বর, রমনা, সিদ্ধিকালী ও বিপ্রকালী গ্রামসমূহের চিঠি-পত্র, রেজিষ্টারী, পার্শ্বেল ও মনি অর্ডার বিলি হইবে।

## অগ্নিকাণ্ড

সুতি থানার অন্তর্গত কাশিমনগর গ্রামে সম্প্রতি ভয়াবহ অগ্নিকাণ্ড সংঘটিত হইয়াছে। ফলে ৩০টি পরিবারের আশ্রয় ও গৃহস্থালীর যাবতীয় জিনিসপত্র ভস্মীভূত হইয়াছে। ক্ষতির পরিমাণ ৪০ হাজার টাকা বলিয়া অনুমান করা যাইতেছে।

# নির্ব্বাচনে বিপরীত রীত

### দীনের কুটিরে ধনীর করুণ ধ্বনি

চিরদিন দীন হীন ব্যক্তিরা ধনীর দারস্থ হন, কিন্তু নির্ব্বাচনের সময় যার ভোট আছে ধনী তো ধনী কত বিদ্যাভিমানীরাও মূর্খ কড়ার ভিখারীর দুয়োরে গিয়ে খোসামোদ ক'রে ফিরেন—

(রায় গুণাকর ভারতচন্দ্র রায়ের ছন্দানুকরণে)

নৃপনন্দন ভোট রসে রসিয়া<br>
পরিধানে ধুতি খদ্দর কষিয়া<br>
দ্বিজনন্দন চন্দন-পুষ্প-করে<br>
(কত) হীন জনে ধরি তুষ্ট করে।<br>
কত বিপ্রকুলোদ্ভব বর্ণগুরু,<br>
এক ভোট তরে ধরে শূদ্র ঊরু।<br>
(ধরি) বিপ্র-পদে নত শূদ্র কহে—<br>
(ছি ছি) কী কর ঠাকুর কী কর হে!<br>
নত জানু হ'য়ে মম জানু ধরি,<br>
তব সূত্র শিখা অপমান করি,<br>
ইহকাল তরে পরকাল দিলে,<br>
প্রভু হীরক ফেলি ছি কাচ নিলে!<br>
(কত) অট্টালিকাবাসী পাট্টাধারী,<br>
(চলে) বিদ্বান্ উদ্যান-পাল-বাড়ী।<br>
(কত) শিক্ষাভিমানীরা ভিক্ষা করে!<br>
(চলে) লক্ষপতি দীনে লক্ষ্য করে!<br>
ঘৃণাব্যঞ্জক বাক্যে যে ত্যানা কহে,<br>
(বলে) তেহ কাকা বাড়ীতে আছ হে!<br>
(যিনি) তস্কর-দলপতি দৈত্যগুরু,<br>
(তিনি) বাক্যদানে আজি কল্পতরু!<br>
(ঠেলি) নর্দ্দমা-কর্দ্দমে অর্দ্ধ রাতে<br>
(কত) মর্দ্দ জনে ফিরে ফর্দ্দ হাতে।<br>
(আজি) কোন্ দলে কোন্ দলে কোন্দল হে!<br>
অহিংস দলে শুনি হিংস নহে।<br>
(তবে) কঙ্গরসে দেখি ভঙ্গ রণে<br>
(সদা) শঙ্কিত কেন এ বিপক্ষগণে!

## মশকের উপদ্রব

শীতের প্রকোপ কম হওয়ার সঙ্গে সঙ্গে সহরবাসিগণ মশক দংশনে অস্থির ও বিব্রত হইয়াছেন। সন্ধ্যার পর ঘরে ও বাহিরে কাজকর্ম্ম করা প্রায় অসম্ভব হইয়া উঠিয়াছে। সরকারী ম্যালেরিয়া নিবারক কর্ত্তৃপক্ষ ও মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষের মশকধ্বংসী ঔষধাদির প্রয়োগ বর্ত্তমানে একান্ত প্রয়োজন।

## পরলোকে স্বরাষ্ট্র-মন্ত্রী

গত ৭ই মার্চ্চ মঙ্গলবার বেলা সাড়ে আট ঘটিকার সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্র-মন্ত্রী গোবিন্দবল্লভ পন্থ ৭৩ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। তিনি প্রবীণ কংগ্রেস নেতা ও একনিষ্ঠ কর্ম্মী ছিলেন। তাঁহার মৃত্যুতে ভারতের অপূরণীয় ক্ষতি হইল। তিনি গত ২০শে ফেব্রুয়ারী হইতে রোগে আক্রান্ত হইয়া সংজ্ঞাহীন অবস্থায় ছিলেন।

## শিক্ষা-বাজেট

শিক্ষা-বাজেটের আলোচনা সুরু হইয়াছে। বেশ দেখা যাইতেছে বছরে বছরে শিক্ষা বাবত টাকা খরচই বাড়িতেছে, শিক্ষার্থীদের বিদ্যা বাড়িতেছে না। নিখিল ভারতের প্রতিযোগিতা পরীক্ষায় বাঙ্গালী কেবল পিছাইয়াই আসিতেছে।

## বিজ্ঞপ্তি

পাবলিক ক্যারিয়ার পারমিট প্রদান ও পুনর্নবীকরণ, মোটর যান (ট্যাক্সি) সংক্রান্ত যাত্রীবাহী গাড়ীর পারমিট পুনর্নবীকরণ ও কন্ট্রাক্ট ক্যারেজ পারমিট প্রদান ও পুনর্নবীকরণের জন্য আবেদনকারী ব্যক্তিদের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের এবং জেলার প্রত্যন্তবর্তী মহকুমা শাসকদের অফিসের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এতৎসম্পর্কে কোন নিবেদন থাকিলে সেগুলি এই নোটিশ প্রকাশের তারিখের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানাইতে হইবে। আবেদনপত্রাদি ও ঐরূপ নিবেদনসমূহ বিবেচনার সময় ও স্থান যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে জানান হইবে। স্বাঃ মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের সচিব বি, চৌধুরী।





### বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

রঘুনাথগঞ্জ — সদরঘাট

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

বিশুদ্ধভাবে প্রস্তুত যাবতীয় কবিরাজী ঔষধের
একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।


---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]

সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে [illegible] হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়। আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"** চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল**, খাগড়া, মুর্শিদাবাদ।